

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৪.০৭.০৩৫.১৭- ০৪৭৩

তারিখ: ০৪.০৮.২০১৭ খ্রি:।

বিষয়: বগুড়া জেলার দুপচাঁচিয়া উপজেলার অর্জুনগাড়ী তাজ সিদ্দিকীয়া দাখিল মাদরাসায় সহকারি শিক্ষক (বিজ্ঞান) পদে এনটিআরসিএ কর্তৃক সুপারিশকৃত প্রার্থী নূরজাহান খাতুন এর নিয়োগ সম্পন্নক্রমে এ অধিদপ্তরকে অবহিত করন প্রসঙ্গে।

- সূত্র: (১) জনাব নূরজাহান খাতুন এর আবেদন, দাখিলের তারিখ: ০২ জুলাই ২০১৭খ্রি:;
(২) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ৫৭.২৫.০০০০.০০৪.০২.০০৯.১৬-০৪০৭, তারিখ: ০৪.০৭.২০১৭খ্রি:;
(৩) অর্জুনগাড়ী তাজ সিদ্দিকীয়া দাখিল মাদরাসার স্মারক নং অতাসিদামা.০০.১৪.১০.১৭, তারিখ: ১৬.০৭.২০১৭খ্রি:; (২৪.০৭.২০১৭খ্রি. প্রাপ্ত) এবং
(৪) জনাব নূরজাহান খাতুন এর দরখাস্ত দাখিলের তারিখ: ২১.০৮.২০১৭খ্রি:।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, সূত্রে বর্ণিত (১) নং পত্রে আবেদনকারী উল্লেখ করেছেন যে, তাঁকে এনটিআরসিএ কর্তৃক বিষয় শিরোনামে বর্ণিত মাদরাসায় উল্লেখিত পদে নিয়োগের জন্য সুপারিশ করা হলেও মাদরাসা কর্তৃপক্ষ তাঁকে যোগদান না করিয়ে চাকুরী থেকে বঞ্চিত করার চেষ্টা করছেন।

০২। আবেদনকারী কর্তৃক দরখাস্তের সাথে সংযুক্ত প্রমাণকসমূহ থেকে তাঁর অভিযোগের পক্ষে সত্যতা আছে মর্মে প্রতীয়মান হওয়ায় সূত্র (২) এ উল্লেখিত পত্রের মাধ্যমে তাঁকে নিয়োগ প্রদানের জন্য মাদরাসা কর্তৃপক্ষকে নির্দেশনা দেওয়া হয়।

০৩। মাদরাসা কর্তৃপক্ষ সূত্র (৩) এ উল্লেখিত পত্রের মাধ্যমে অত্র দপ্তরকে অবহিত করে যে, উক্ত মাদরাসায় এনটিআরসিএ কর্তৃক সুপারিশকৃত ‘সহকারি শিক্ষক (বিজ্ঞান)’ পদটি শূন্য নেই; উক্ত পদে একজন শিক্ষক কর্মরত আছেন তবে সহকারি শিক্ষক (গণিত) পদটি শূন্য। এ কারণে সুপারিশকৃত প্রার্থীকে নিয়োগ দেওয়া সম্ভব হচ্ছে না। উক্ত পত্রে মাদরাসা কর্তৃপক্ষ আরো জানিয়েছেন যে, মাদরাসার সাবেক সুপার ভুলক্রমে এনটিআরসিএ-র নিকট সহকারী শিক্ষক (গণিত) এর পরিবর্তে সহকারী শিক্ষক (বিজ্ঞান) এর চাহিদা পত্র দিয়েছিলেন এবং উক্ত বিষয়টি এনটিআরসিএ-কে লিখিতভাবে অবহিত করা হয়েছে।

০৪। অপরদিকে সূত্র (৪)-এ উল্লেখিত আবেদনে উক্ত নূরজাহান বেগম জানান যে, মাদরাসা কর্তৃপক্ষ কর্তৃক অত্র অধিদপ্তরকে প্রদত্ত তথ্যটি ভুল, মূলতঃ সহকারি শিক্ষক (বিজ্ঞান) এর পদটিই শূন্য আছে, গণিতের শিক্ষককে বিজ্ঞানের শিক্ষক হিসেবে প্রদর্শন করে মাদরাসা কর্তৃপক্ষ রেজুলেশন করে অধিদপ্তরসহ অন্যান্য দপ্তরে প্রেরণ করেছে।

০৫। এমতাবস্থায়, পরস্পর বিরোধী তথ্যের বিষয়টি নিশ্চিত হওয়া এবং প্রকৃত তথ্য অবগত হওয়া আবশ্যিক। বিধায়, বিষয়টির সুষ্ঠু তদন্তক্রমে যদি সহকারি শিক্ষক (বিজ্ঞান) পদটি শূন্য থেকে থাকে, তা হলে উক্ত পদে এনটিআরসিএ কর্তৃক সুপারিশকৃত প্রার্থীকে তাঁর জন্য সুপারিশকৃত পদে নিয়োগ নিশ্চিত করে এবং এ ক্ষেত্রে যদি কোন ব্যক্তির অবহেলা বা দায়-দায়িত্ব থেকে থাকে, তা নিরূপন করে আগামী ৩০.০৯.২০১৭খ্রি. তারিখের মধ্যে অত্র অধিদপ্তরকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(ড. মোঃ আঃ মান্নান মোল্লা)
সহকারি পরিচালক
দাখিল ও এবতেদায়ি মাদরাসা
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
ফোন-নং-৯৩৫৭১৬১
ই-মেইল-dgdmeb@gmail.com

জেলা শিক্ষা অফিসার

বগুড়া।

সংযুক্তি: বর্ণনা মতে ১৫ (পনের) পাতা।

অনুলিপি:

১. সচিব, কারিগরি ও মাদরাসা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ:আ:- সহ: সচিব (মাদরাসা-২)]
২. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল।
৩. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল।
৪. সুপার, অর্জুনগাড়ী তাজ সিদ্দিকীয়া দাখিল মাদরাসা, ডাকঘর: বিনাহালী, উপজেলা: দুপচাঁচিয়া, জেলা: বগুড়া।
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া।
৬. অফিস কপি।